

সাভারে শিক্ষার্থীদের দুই গ্রন্তির সংঘর্ষে আহত ১০

নিজস্ব প্রতিবেদক, সাভার

৩ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৩ জুলাই ২০১৯ ০১:৩৪



আমাদের মমতা

আধিপত্য বিষ্টারকে কেন্দ্র করে সাভারে সিটি ইউনিভার্সিটির শিক্ষার্থীদের দুই গ্রন্তির সংঘর্ষ ও ধাওয়া পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় ছয় শিক্ষার্থীসহ ১০ জন আহত হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে সাভারের বিরুলিয়া ইউনিয়নের খাগান এলাকার সিটি ইউনিভার্সিটির সামনে এ ঘটনা ঘটে। শিক্ষার্থীরা জানায়, মঙ্গলবার রাতে সিটি ইউনিভার্সিটির কয়েক ছাত্র চায়ের দোকানে বসে চা খাচ্ছিল। এ সময় আধিপত্য বিষ্টারকে কেন্দ্র করে সিটি ইউনিভার্সিটির ইন্চার্জ হুমায়ন কবিরের নির্দেশে ফজলুল রহমান হলের শিক্ষার্থী জং কবিরের নেতৃত্বে একদল ছাত্র তাদের ওপর হামলা চালায়। এতে শুভ, আনান, রাজীব, ছেটন, শাওন, দুর্জয় ও হিজুল্লাহসহ ১০ জন আহত হয়। পরে স্থানীয় শিক্ষার্থীরা আহতদের সাভারের এনাম মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতালে ভর্তি করে। শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। সিটি ইউনিভার্সিটির ইন্চার্জ হুমায়ন কবির বলেন, কে বা কারা শিক্ষার্থীদের মারধর করেছে আমার জানা নেই।